

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন জেলায় (বিশেষ করে সিরাজগঞ্জসহ) দীর্ঘ খরার পর বৃষ্টিপাতের ফলে জন্মানো কচি ঘাস খাওয়ানোর কারণে গবাদিপশু হঠাৎ অসুস্থ হয়ে মৃত্যুবরণ করার ঘটনা পরিলক্ষিত হচ্ছে। সাধারণত এ ধরনের কচি ঘাসে নাইট্রেটের মাত্রা বেশি থাকে, যা গবাদিপশুর জন্য ঝুঁকিপূর্ণ। এ প্রেক্ষিতে, বৃষ্টির পরবর্তী সময়ে কচি ঘাস সরাসরি গবাদিপশুকে খাওয়ানো থেকে বিরত থাকার জন্য খামারীদের মধ্যে নিম্নোক্ত বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন:

১। দীর্ঘমেয়াদি খরার পর বৃষ্টির ফলে জন্মানো কচি ঘাস সরাসরি খাওয়ানো থেকে বিরত রাখতে হবে। মাঠ থেকে সংগৃহীত কাঁচা ঘাস পশুকে খাওয়ানোর পূর্বে পরিষ্কার পানিতে ভালোভাবে ধুয়ে ২-৩ ঘণ্টা মাচার উপর রেখে রোদে শুকিয়ে নিতে হবে। এতে নাইট্রেট বিষক্রিয়ার ঝুঁকি কমবে।

২। ইউরিয়া সার প্রয়োগের পর জন্মানো কচি ঘাস খাওয়ানোর ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। ইউরিয়া দ্রুত ঘাসের শিকড় দ্বারা শোষিত হয়ে নাইট্রেট আকারে জমা হয়। ফলে এ ধরনের ঘাসে নাইট্রেটের মাত্রা বেশি থাকতে পারে। তাই সার প্রয়োগের পরপরই সেই ঘাস গবাদিপশুকে খাওয়ানো থেকে বিরত থাকতে হবে।

৩। কচি ঘাস খাওয়ানোর পর গবাদিপশু অসুস্থ হয়ে পড়লে দ্রুত নিকটস্থ উপজেলা প্রানিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গরুর নাইট্রেট বিষক্রিয়া

চুপচাপ মারাত্মক রোগ!

খাবারে অতিরিক্ত নাইট্রেট = অক্সিজেনের অভাব

গরু যখন এমন ঘাস/খাদ্য খায় যেখানে নাইট্রেট (NO_3^-) বেশি থাকে, তখন রক্তে তা নাইট্রাইট (NO_2^-)-এ রূপান্তরিত হয়ে রক্তের অক্সিজেন বহনের ক্ষমতা নষ্ট করে। ফলে শরীরে অক্সিজেনের ঘাটতি হয়—এটাই নাইট্রেট বিষক্রিয়া।

দেরি করলে
মৃত্যু ঝুঁকি!

<h3>কেন হয়?</h3> <ul style="list-style-type: none"> বেশি সার (নাইট্রোজেন) দেওয়া জমির ঘাস খরা শেষে হঠাৎ বৃষ্টি দ্রুত বাড়ার ঘাসে নাইট্রেট বেশি কচি/স্ট্রাসড ফসল যেমন: ধানপাছ, ভুট্টা, নেপিয়্যার, সরঘাম ইত্যাদি দূষিত পানি নাইট্রেট বেশি মেঘলা দিনে কাটা সবুজ ঘাস 	<h3>লক্ষণ (চেনার উপায়)</h3> <ul style="list-style-type: none"> ফ্রুট শ্বাস নেওয়া, ইঁপানো জিহ্বা/মাড়ি নীলচে দুর্বলতা, দাঁড়াতো কষ্ট লালা বার দুধ কমে যাওয়া গুরুতর হলে হঠাৎ মৃত্যু 	<h3>শরীরে কী হয়?</h3> <p>নাইট্রেট (NO_3^-) মুক্ত খাবার গ্রহণ</p> <p>↓</p> <p>রক্তে নাইট্রাইট (NO_2^-) এ রূপান্তর</p> <p>↓</p> <p>নাইট্রাইট রক্তে গিয়ে হিমোগ্লোবিনকে মেটহিমোগ্লোবিনে পরিণত করে</p> <p>↓</p> <p>রক্ত অক্সিজেন বহন করতে পারে না → শরীরে অক্সিজেনের ঘাটতি হয়</p>
<h3>চিকিৎসা (জরুরি)</h3> <p>মেথিলিন ব্লু (Methylene Blue) ইনজেকশন (ভেটেরিনারি ডাক্তার এর পরামর্শে)</p> <p>✓ অক্সিজেন সাপোর্ট ও ফ্লুইড থেরাপি</p> <p>দ্রুত চিকিৎসা শুরু করলে বাঁচার সম্ভাবনা বেশি</p>	<h3>প্রতিরোধ করুন</h3> <ul style="list-style-type: none"> খালি পেটে সবুজ ঘাস খাওয়ানো না শুকনা খড়ের সাথে মিশিয়ে দিন সন্দেহজনক ঘাস কম দিন এবং ধীরে ধীরে নতুন খাবার দিন পরিষ্কার ও নিরাপদ পানি নিশ্চিত করুন বেশি সার দেওয়া জমির ঘাস সতর্কতার সাথে ব্যবহার করুন 	<h3>সতর্কতা</h3> <ul style="list-style-type: none"> একসাথে অনেক গরু অসুস্থ হলে খাবারই প্রধান সন্দেহ সকালে বা মেঘলা দিনে কাটা ঘাসে ঝুঁকি বেশি দেরি করলে মৃত্যু ঝুঁকি অনেক বেশি <p>সন্দেহজনক কিছু ঘাস/ফসল</p> <p>ধানপাছ, ভুট্টা (কচি), নেপিয়্যার ঘাস, সরঘাম</p>